

Prime Minister performs Pooja at Jeshoreshwari Kali Shaktipeeth

March 27, 2021

যশোরেশ্বরী কালী শক্তিপীঠে পূজা দিলেন প্রধানমন্ত্রী

মার্চ ২৭, ২০২১

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী বাংলাদেশ সফরের দ্বিতীয় দিনের শুরুতে কালী মাতার আর্শিবাদ গ্রহণ করলেন। প্রধানমন্ত্রী সাতক্ষীরার যশোরেশ্বরী কালী শক্তিপীঠে পূজা দিয়েছেন। এই শক্তিপীঠ পৌরানিক ঐতিহ্যের ৫১ পীঠের অন্যতম। প্রধানমন্ত্রী হাতের তৈরি সোনার প্রলেপ দেওয়া কালী মাতার রূপের মুকুট প্রদান করেন। এই মুকুট স্থানীয় কারিগরেরা ৩ সপ্তাহ ধরে তৈরি করেছেন।

বন্ধুত্বের হাত বাড়িয়ে প্রধানমন্ত্রী এই মন্দিরের সঙ্গে সংযুক্ত কমিউনিটি হল তথা ঘূর্ণিঝড় থেকে বাঁচার জন্য আশ্রয় কেন্দ্র নির্মানের জন্য আর্থিক অনুদানের কথা ঘোষণা করেন। এই আশ্রয় কেন্দ্রটি মন্দিরের বার্ষিক কালীপূজা এবং মেলার সময় ভক্তগণ ব্যবহার করতে পারবেন ও সমস্ত ধর্মের মানুষ ঝড়ের সময় নিরাপদ আশ্রয়স্থল হিসেবে এটি ব্যবহার করতে পারবেন।

ঢাকা

মার্চ ২৭, ২০২১

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.